

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৫.৪২.১৮০.৯৫-

তারিখ:-----স্বি.

বিষয়: জনাব মোঃ সাহাবুদ্দিন, বাবুর্চি-এর অবসর উত্তর ছুটি(পিআরএল) ও লাম্পগ্রান্ট মঞ্জুরি।

যুব উন্নয়ন অধিদপ্তরাধীন চট্টগ্রাম যুব প্রশিক্ষণ কেন্দ্রের বাবুর্চি জনাব মোঃ সাহাবুদ্দিন-এর চাকুরি বহিতে উল্লিখিত জন্ম তারিখ ০১-০১-১৯৬১স্বি. অনুযায়ী ৩১-১২-২০১৯স্বি. তারিখে তার বয়স ৫৯(উনষাট) বছর পূর্ণ হবে। প্রত্যাশিত শেষ বেতন সনদ (ইএলপিসি) অনুযায়ী তিনি পূর্ণ গড় বেতনে ০৩ বছর ০২ মাস ১৬ দিন এবং অর্ধ গড় বেতনে ০৩ বছর ০৩ মাস ০১ দিন অর্জিত ছুটি পাওনা রয়েছেন এবং অবসর উত্তর ছুটি(পিআরএল) আরম্ভের অব্যবহিত পূর্বের তারিখে তার মূল বেতন ১৬,২৪০/-টাকা।

২। এমতাবস্থায়, জনাব মোঃ সাহাবুদ্দিন, বাবুর্চি-এর আবেদনের পরিপ্রেক্ষিতে গণকর্মচারী(অবসর) আইন, ১৯৭৪ অনুযায়ী ০১-০১-২০২০ হতে ৩১-১২-২০২০স্বি. তারিখ পর্যন্ত ০১(এক) বছর পূর্ণ গড় বেতনে অবসর উত্তর ছুটি(পিআরএল) এবং জাতীয় বেতনস্কেল ২০১৫ এর অনুচ্ছেদ-১০(২)(খ) মোতাবেক প্রাপ্য ছুটি নগদায়নপূর্বক ১৮(আঠার) মাসের মূল বেতনের সমপরিমাণ ১৬,২৪০X১৮=২,৯২,৩২০/- (দুই লক্ষ বিরানব্বই হাজার তিনশত বিশ) টাকা লাম্পগ্রান্ট পরিশোধের মঞ্জুরি জ্ঞাপন করছি।

৩। এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

(আ, ন, আহম্মদ আলী)
যুগ্ম-সচিব
পরিচালক(প্রশাসন ও অর্থ)
ফোন: ৯৫৫০৮৬৩

বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক
চট্টগ্রাম।

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৫.৪২.১৮০.৯৫-৩২৪

তারিখ:-----স্বি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

১। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ৩য় ফেইজ(৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।

২। কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, চট্টগ্রাম।

৩। সহকারী পরিচালক (আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (আদেশটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য)।

৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

৫। জনাব মোঃ সাহাবুদ্দিন, বাবুর্চি, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, চট্টগ্রাম।

৬। অফিস কপি।

(মোঃ শাহাদাত হোসেন)

নিরীক্ষা ও হিসাবরক্ষণ অফিসার

ফোন: ৪৭১১০৬৭২